

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা- চুয়াডাঙ্গা।

স্মারক নং- চুয়াঃপৌঃপ্রশাসনঃ অফিস আদেশ ৩/৭-২০১৮/২০১৯/১৩৪৭

তারিখ-২৩-১০-২০১৯ খ্রিঃ।

অফিস আদেশ/বিজ্ঞপ্তি :


সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ (সংশোধিত ২০১৩) এর ধারা ৮(১) অনুসারে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম-নিবন্ধন বাধ্যতামূলক, ধারা ৮(২) অনুসারে কোন ব্যক্তির মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের বাধ্যবাধকতা আছে।

০২. জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা-২০১৮ অনুযায়ী শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম-নিবন্ধন বাধ্যতামূলক এবং কোন ব্যক্তির মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের বাধ্যবাধকতা আছে।

- (ক) জন্মের ০৫ বছরের মধ্যে শিশুদের শুধুমাত্র টিকার কার্ড দেখে জন্ম-নিবন্ধন করা।
- (খ) জন্মের ০৫ বছর পর জন্ম-নিবন্ধন করার জন্য অবশ্যই বয়স প্রমানের জন্য জন্মস্থান ও জন্ম তারিখের প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট চিকিৎসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র বা উক্ত প্রতিষ্ঠান হইতে জন্ম সংক্রান্ত সনদের অনুলিপি: অথবা
- (গ) সরকার কর্তৃক পরিচালিত প্রাথমিক শিক্ষা সমাপনী, জুনিয়র স্কুল সার্টিফিকেট এবং শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা অনুরূপ পরীক্ষার শিক্ষ্যাগত সনদ পত্র।
- (ঘ) সন্তানের স্কুলে ভর্তি, জাতীয় পরিচয় পত্রসহ সকল নাগরিক সেবা প্রাপ্তির ক্ষেত্রে জন্ম-নিবন্ধন সনদ বাধ্যতামূলক।
- (ঙ) জন্ম-নিবন্ধন সংশোধন করতে হলে আইনের বিধান অনুসরণপূর্বক রেজিষ্টার-জেনারেল অথবা তাহার পক্ষে ক্ষমতাসম্পন্ন কর্মচারীর নিকট হইতে কারিগরি সহায়তা গ্রহন করে জন্ম-নিবন্ধন সংশোধন করা যাবে।

উল্লেখিত শর্তাদি প্রতিপালন না করে সরকারি নীতিমালা উপেক্ষা করে জন্ম-নিবন্ধন প্রত্য্যায়ী অবিভাবকগণ স্থানীয় কে.জি স্কুল অথবা সরকারি বা বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে জন্ম তারিখ উল্লেখ করে প্রত্যয়ন সংগ্রহ পূর্বক পৌরসভাতে জমা প্রদান করে নতুন ভাবে জন্ম-নিবন্ধন নেওয়ার জন্য অব্যাহত ভাবে চাপ প্রয়োগ করে যাচ্ছে। যা বিধি সম্মত নয়। বরং স্কুলে ভর্তির পূর্বেই জন্ম নিবন্ধন গ্রহন বিধি মতে অত্যাৱশ্যক।

০৩. সুতরাং ভবিষ্যৎ জটিলতা পরিহার করার জন্য জনস্বার্থ বিবেচনায় জন্ম-নিবন্ধন করার জন্য অবশ্যই জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা-২০১৮ শর্তাদি পূরণ করে জন্ম-নিবন্ধন সনদ গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং- চুয়াঃপৌঃপ্রশাসনঃ অফিস আদেশ ৩/৭-২০১৮/২০১৯/১৩৪৭/১(১৮)

তারিখ-২৩-১০-২০১৯ খ্রিঃ।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে-

০১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা, সদয় অবগতির জন্য।

০২-১২। জনাব কাউন্সিলর, চুয়াডাঙ্গা পৌরসভা।

১৩। প্রধান শিক্ষক, কে.জি স্কুল/সরকারি বা বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠান, চুয়াডাঙ্গা, স্কুলে ভর্তি করার সময় জন্ম-নিবন্ধন নিয়ে ভর্তি করা বাধ্যতামূলক এবং জন্ম-নিবন্ধন ছাড়া ভর্তি করলে সকল দায়-দায়িত্ব আপনাকে বহন করতে হবে।

১৪। জনাব নাগিস জাহান, সেনেটারী ইমপেক্টর, চুয়াডাঙ্গা পৌরসভাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ দেওয়া হলো।


১৫। জনাব মোঃ আলী হোসেন, টিকাদান সুপারভাইজার, চুয়াডাঙ্গা পৌরসভা।

১৬। জনাব মোঃ নেহেরুল্লাহ ডালিম, স্বাস্থ্য সহকারী, চুয়াডাঙ্গা পৌরসভাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ দেওয়া হলো।

১৭। প্রকাশক/সম্পাদক, দৈনিক মাথাডাঙ্গা/সময়ের সমীকরণ, চুয়াডাঙ্গাকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি পরপর ০২ দিন ভিতরের পাতায় অল্প-পরিসরে প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৮। অফিস কপি।




(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।